

## জীবির অস্থিরতা অব্যাহত উপাচার্যের কুশপুত্রলিকা দাহ কালো পতাকা মিছিল

● ৬ দিন ধরে অবরুদ্ধ দুই রেজিস্ট্রার

সান্ডার্স মাস্ট্রী জাবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) উপাচার্য অধ্যাপক আনোয়ার হোসেনের পদত্যাগ দাবিতে কালো পতাকা মিছিল ও কুশপুত্রলিকা দাহ করেছে আন্দোলনরত 'সাধারণ শিক্ষক ফোরাম'। পাশাপাশি উপাচার্যের বাসভবনের সামনে অবস্থান চাপিয়ে চরম্পন্ন তারা। ছয় দিন ধরে অবরুদ্ধ আছেন দুই রেজিস্ট্রার।

সবেজমিনে দেখা যায়, গতকাল সকাল সাড়ে ১১টার উপাচার্যের বাসভবনের সামনে থেকে কালো পতাকা হাতে একটি মিছিল বের করে আন্দোলনরত শিক্ষক ফোরাম। এতে নেতৃত্ব দাতা শিক্ষক উপস্থিত ছিলেন। পরে মিছিলটি প্রশাসনিক ভবনে আসে এবং দুপুর সোয়া ১২টার দিকে উপাচার্যের কুশপুত্রলিকা দাহ করে। কুশপুত্রলিকা দাহের পর সেখানে প্রতিবাদী সমাবেশ করে তারা। সমাবেশে আন্দোলনরত শিক্ষকরা উপাচার্যের পদত্যাগের জোর দাবি জানান।

এদিকে টানা ষষ্ঠ দিনের মতো অবরুদ্ধ হয়ে আছেন রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক ও ডেপুটি রেজিস্ট্রার (টিচিং) মো. আবু হাসান। উপাচার্যের ৩টি অনুমতি নতুন ভিন নিয়োগ দেয়ার আদেশপত্র বহু রাখার দাবিতে গত সোমবার দুপুর ২টা থেকে নিরা কার্যালয়ে এখন পর্যন্ত তাদের অবরুদ্ধ করে রেখেছে আন্দোলনরত শিক্ষকরা। এদিকে রেজিস্ট্রারকে অবরুদ্ধ অবস্থা থেকে মুক্ত করার জন্য উপাচার্যের প্রতি দাবি জানিয়ে কর্মবিরতির পাশাপাশি কালো পতাকা ২৩:৪

### কালো : পতাকা

(১৬ পৃষ্ঠার পর)

প্রশাসনিক ভবনের সামনে অবস্থান করছেন অফিসার সহিতের সদস্যরা।

এদিকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আনোয়ার হোসেনের পদত্যাগ দাবি করে ৩৯৫ জন শিক্ষক বিবৃতি দিয়েছেন। গতকাল বেলা ১১টার দিকে উপাচার্যের বিরুদ্ধে শতনগ্নপ্রতি, অন্যায়ে, অবিচার, নির্বাসন, খোজাচার ও বৈরাত্মিক অভিযোগ তুলে আন্দোলনরত শিক্ষক ফোরাম সিদ্ধান্ত এ বিবৃতি দেন।

অন্যদিকে, উপাচার্য তার কার্যালয়ে দুই প্রো-উপাচার্য ও কোষাধ্যক্ষকে নিয়ে কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটির সভা পরিচালনা করেন। তবে এতে আন্দোলনকারী শিক্ষকদের কেউই উপস্থিত হননি। ফলে কমিটিতে থাকার লোকসংখ্যা ছিল খুবই কম।

এদিকে ক্লাস-পরীক্ষা সচল করার দাবিতে সংবাদ সম্মেলন ও প্রতিবাদী সমাবেশ করেছে 'শিক্ষা অধিকার মঞ্চ' নামক একটি ছাত্র সংগঠন। তারা বিশ্ববিদ্যালয়ের চলমান পরিস্থিতি লাঘবের জন্য আন্দোলনরত শিক্ষক, বিশ্ববিদ্যালয় প্রশাসন, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, শিক্ষা মন্ত্রণালয় ও উপাচার্যের প্রতি দাবি জানান।